সাভারে বিক্ষোভ ঘিরে সংঘর্ষে আহত ১০, পুলিশের গাড়িতে আগুন



ছবি: সংগৃহীত

তিন দফা দাবিতে পোশাকশ্রমিকদের আন্দোলন ঘিরে বুধবার (৪ নভেম্বর) সকালে সাভারে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঢাকা-আরিচা মহাসড়কের হেমায়েতপুর বাসস্ট্যান্ড ও পদ্মার মোড় এলাকায় শ্রমিকদের সঙ্গে পুলিশের কয়েক দফা সংঘর্ষ হয়। এ সময় ধাওয়া-পাল্টাধাওয়া ও টিয়ারশেল নিক্ষেপের ঘটনা ঘটে। একপর্যায়ে পুলিশের একটি গাড়িতে আগুন ধরিয়ে দেন বিক্ষোভকারীরা। সংঘর্ষ ও হামলায় পুলিশ ও সংবাদকর্মীসহ অন্তত ১০ জন আহত হয়েছেন।

সকাল ৯টার দিকে বিভিন্ন পোশাক কারখানার শ্রমিকেরা ওই দুই এলাকায় জড়ো হয়ে মহাসড়কে অবস্থান নেন। এতে প্রায় দুই ঘণ্টা যান চলাচল বন্ধ থাকে। প্রত্যক্ষদর্শীরা জানান, পদ্মার মোড়ে শ্রমিকদের সড়ক ছাড়তে বললে তাঁরা পুলিশের দিকে ইটপাটকেল ছুড়তে শুরু করেন। পরিস্থিতি সামাল দিতে পুলিশ টিয়ারশেল নিক্ষেপ করে। একই সময়ে হেমায়েতপুর বাসস্ট্যান্ড এলাকায় কয়েক শ শ্রমিক সড়ক অবরোধ করে বিক্ষোভ করছিলেন।

এর মধ্যে সকাল সাড়ে ১০টার দিকে হেমায়েতপুর-সিংগাইর সড়কে পুলিশের একটি গাড়িতে আগুন দেওয়া হয়। কিছুক্ষণ পর পেশাগত দায়িত্ব পালনের সময় হামলার শিকার হন স্টার টেলিভিশনের সাংবাদিক সোহান সিরাজী, ৭১ টেলিভিশনের সাংবাদিক রায়হান এবং ক্যামেরাপারসন উজ্জ্বল হোসেন। সংঘর্ষ ও হামলায় আহত ব্যক্তিদের মধ্যে পুলিশ সদস্য ও সংবাদকর্মীরাও রয়েছেন।

বেলা ১১টার দিকে পুলিশ ও বিজিবি সদস্যরা ঘটনাস্থলে অবস্থান নিয়ে শ্রমিকদের মহাসড়ক থেকে সরিয়ে দেন। এরপর ঢাকা-আরিচা মহাসড়কে যান চলাচল শুরু হয়। তবে সাভার ও আশুলিয়ার শিল্পাঞ্চলে উত্তেজনা পুরোপুরি কাটেনি।